



ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।



স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২৪. ২২২৫

তারিখঃ

০৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)

নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ সরবরাহকারীর নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী ও স্থান	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী ও স্থান	
					গ্রহণ	খোলা
৪২/২০২৪/৪২	সার্ভার, কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ	১,৫০০/-	৮৩,০০০/-	০২/০৬/২০২৪ খ্রিঃ রোজ রবিবার পর্যন্ত (অফিস চলাকালীন) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	০৩/০৬/২০২৪ খ্রিঃ রোজ সোমবার ১২.০০ ঘটিকা (BST) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, ঢাকা।	০৩/০৬/২০২৪ খ্রিঃ রোজ সোমবার ১২.০৫ ঘটিকা (BST) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, ঢাকা।

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র দলিল দেখিতে পারিবেন।
- আগ্রহী দরদাতাগণ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হইতে ছকে বন্দি টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার মাধ্যমে কোন দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।
- আগ্রহী দরদাতাগণ আগামী ০৩/০৬/২০২৪ খ্রিঃ রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীল গালাযুক্ত খামে উন্মুক্ত দরপত্র (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে পারিবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হইবে না।
- উল্লিখিত টাকার পে- অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে। দাখিলকৃত দরপত্র সমূহ বন্দি সময়সূচী অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- "সার্ভার, কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ" সরবরাহের ক্ষেত্রে দরপত্রের সহিত দাখিলকৃত মূল্যের কমপক্ষে ৫০% মূল্যে সংশ্লিষ্ট মালামাল ইতোপূর্বে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সরবরাহের সন্তোষজনক কর্মসম্পাদনের অভিজ্ঞতার সনদপত্র থাকিতে হইবে, যাহার স্বপক্ষে অভিজ্ঞতার সনদ দাখিল করিতে হইবে এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্যপদ ও সদস্য নম্বর উল্লেখ পূর্বক প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।
- সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী পূরনসহ দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- কার্যদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে ডিডি/একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হইবে।
- বিল প্রদানের সময় নিরাপত্তা জামানত হিসেবে মোট বিলের ১০% অর্থ কর্তন করিয়া রাখা হইবে, যাহা মালামালের গুনগতমান অক্ষম থাকা সাপেক্ষে মালামাল সরবরাহের ০১ (এক) বৎসর পর ফেরত প্রদান করা যাইতে পারে।
- দরপত্রে কোন কাটাছোঁড়া/ ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হইলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে জানাতে হইবে।
- কার্যদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিত ভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া
ফোন নং-০৮৫১-৫৭৫০০